

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ চাশতের সালাতের কিয়াম, রুকুণ, সাজদা সমান হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ التَّسْوِيَةِ فِي صَلَاةِ الضُّحَى بَيْنَ قِيَامِهِ وركوعه وسجوده

আরবী

2529 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبِ أَخْبَرَنِي يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ بْنِ نَوْقَلِ أَنَّ أَبَاهُ قَالَ: سَأَلْتُ وَحَرَصْتُ عَلَى أَنْ أَجِدَ أَحَدًا مِنَ النَّاسِ يُخْبِرُنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سبَّح سبُحة الضَّحَى فَلَمْ أَجِدْ أَحَدًا يُخْبِرُنِي عن ذلك غير أم هانىء بِنْتِ أَبِي طَالِبٍ أَخْبَرَتْنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى بَعْدَ ارْتِفَاعِ النَّهَارِ يَوْمَ الْفَتْحِ فَأَمَرَ بِثَوْبٍ فَسُتِرَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَتَى بَعْدَ ارْتِفَاعِ النَّهَارِ يَوْمَ الْفَتْحِ فَأَمَرَ بِثَوْبٍ فَسُتِرَ عَلَيْهِ فَاعْتَسَلَ ثُمَّ قَامَ فَرَكَعَ ثَمَانِي رَكَعَاتٍ لَا أَدْرِي أَقِيامُهُ فِيهَا أَطُولُ أَمْ رُكُوعُةُ أَمْ سُبَّحَها عَبل ولا بعد سُجُودُهُ كُلُّ ذَلِكَ مُتَقَارِبَةٌ قَالَتْ: فَلَمْ أَرَهُ سَبَّحَهَا قبل ولا بعد الراوي : عَبْد اللَّهِ بْنِ الْحَارِثِ بْنِ نَوْقَلٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصدة أو الرقم: 2529 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৫২৯. আব্দুল্লাহ বিন হারিস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি জানতে চেয়েছি আর আমার খুব আগ্রহ ছিল যে, আমি এমন কাউকে পাবো যিনি আমাকে হাদীস বর্ণনা করবে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চাশতের সালাত আদায় করেছেন। কিন্তু উন্মু হানী বিনতু আবী তালিব ব্যতিত আমি আর কাউকে পেলাম না, যিনি আমাকে এই ব্যাপারে খবর দিতে পারেন। তিনি আমাকে জানিয়েছেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কা বিজয়ের দিন সূর্য উর্ধাকাশে উঠার পর আসেন এবং একটি কাপড় দিয়ে পর্দা করার আদেশ দেন। ফলে তাঁর জন্য পর্দা করে দেওয়া হলো। অতঃপর তিনি গোসল করেন তারপর দাঁড়িয়ে আট রাকা'আত সালাত আদায় করেন। আমি জানি না, তাঁর কিয়াম দীর্ঘ ছিল, নাকি রুকু' নাকি সাজদা দীর্ঘ ছিল। বস্তুত এসব কিছুই ছিল কাছাকাছি পর্যায়ের।" রাবী বলেন, "আমি তাঁকে এই সালাত আগে বা পরে কখন আদায়



করতে দেখিনি।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১/৪৯৮; মুসনাদ আহমাদ: ২/৩৪৬; তাবারানী আল কাবীর: ২৪/৪২২; হুমাইদী: ৩৩২; ইবনু মাজাহ: ১৩৭৯; আত তায়ালিসী: ১৬২০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪০৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪৬৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আব্দুল্লাহ বিন হারিস বিন জুয (রা.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন